



**ALL INDIA RADIO**

**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT - SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**21 April 2026**

**7:35 AM IST**

=====

ৰাজ্যের মুখ্য সচিব ডক্টর রবি কোটা গতকাল গুয়াহাটীর কৃত্রিম বন্যা পরিস্থিতি সম্পর্কে একটি পর্যালোচনা বৈঠক করেন। বৈঠকে মুখ্য সচিব ডক্টর কোটা প্রাকৃতিক দুর্যোগ সম্পর্কে ভারতীয় আবহাওয়া বিজ্ঞান বিভাগ ও দুর্যোগ মোকাবিলা বিভাগকে জনসাধারণের জীবন ও সম্পত্তি রক্ষার্থে আগাম সতর্ক করতে নির্দেশ দিয়েছেন। এছাড়াও বৈঠকে জাতীয় সড়ক কর্তৃপক্ষকে সড়কের পাশে থাকা নালা নর্দমা পরিষ্কার রাখতে নির্দেশ দিয়েছেন। আগাম বর্ষার মোকাবিলা করতে সংশ্লিষ্ট বিভাগগুলিকে ২৪ ঘন্টা প্রস্তুত থাকতে বলা হয়েছে।

.....

আসাম পুলিশের অপরাধ অনুসন্ধান শাখায় দায়ের হওয়া একটি মামলার ভিত্তিতে কংগ্রেস নেতা পবন খেরা গৌহাটি হাইকোর্টে আগাম জামিনের আবেদন দাখিল করেছেন। এই আবেদনের ভিত্তিতে আজ গৌহাটি হাইকোর্ট কংগ্রেসের এই প্রবীণ নেতার জামিন সম্পর্কে শুনানি গ্রহণ করবে। উল্লেখ্য- কংগ্রেস নেতা শ্রী খেরা বিধানসভা নির্বাচনের আগে এক সাংবাদিক সম্মেলনে আসামের মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার স্ত্রীর তিনটি

পাসপোর্ট থাকার পাশাপাশি তাঁর বিদেশে সম্পত্তি থাকার অভিযোগ উত্থাপন করেছিলেন । এই অভিযোগ নস্যাৎ করে দিয়ে মুখ্যমন্ত্রী ডঃ শর্মার স্ত্রী-রিনিকি ভূইঞা শর্মা পবন খেরার বিরুদ্ধে আসাম পুলিশের অপরাধ অনুসন্ধান শাখায় একটি মামলা দায়ের করেন । উল্লেখ্য- কংগ্রেস নেতা পবন খেরার সন্ধানে আসাম পুলিশ দিল্লিতেও অভিযান চালিয়েছিল ।

---

নগাঁও জেলা দায়রা জজের আদালত গতকাল অভি -নীল হত্যাকাণ্ডের চূড়ান্ত রায় দান করে ২০ জন অভিযুক্তকে দোষী সাব্যস্ত করেছে । আগামী ২৪ শে এপ্রিল তাদের শাস্তি ঘোষণা করা হবে । এদিকে এই রায়ে ২৫ জন অভিযুক্তকে দোষমুক্ত বলে ঘোষণা করা হয়েছে । উল্লেখ্য ২০১৮ সালের ৮ জুন কার্ভিআংলং জেলার ডকমকায় শিশু অপহরণকারী সন্দেহে নীলোৎপল দাস ও অভিজিৎ নাথ নামের দুজন যুবককে নৃশংসভাবে হত্যা করার অভিযোগে তথা ভুক্তভোগী পিতা মাতার দাখিল করা দুটি এজাহারের ভিত্তিতে ডকমকা পুলিশ থানায় মামলা দায়ের করা হয়েছিল । ২০২৪ সালে পুলিশ এই মামলার অভিযোগনামা দাখিল করেছিল । প্রথম অবস্থায় ডিফুতে মামলার বিচার প্রক্রিয়া শুরু হয়েছিল তবে পরে গৌহাটী হাইকোর্টের নির্দেশ অনুযায়ী মামলাটি নগাঁও জেলা দায়রা জজের আদালতে স্থানান্তরিত করা হয় । সুদীর্ঘ আট বছর পর আজ এই মামলার চূড়ান্ত রায়দান করা হয় । এই সম্পর্কে নগাঁও জেলা দায়রা জজের আদালতের একজন আইনজীবী বলেন ---

বাইট

---

আজ সকাল ৫টা ৫৯ মিনিটে আসাম সহ উত্তর-পূর্ব ভারতে পুনরায় ভূমিকম্প অনুভূত হয়েছে। ভূমিকম্পের পরিমাপ ছিল পাঁচ দশমিক দুই রিক্টার স্কেল। জানা গেছে ভূমিকম্পের উৎপত্তিস্থল ছিল মণিপুরের কামজং এলাকা।

এদিকে ভারতীয় আবহাওয়া বিজ্ঞান বিভাগের পক্ষ থেকে জানানো হয়েছে যে আজ উত্তর-পূর্ব ভারতের সবকটি রাজ্যের মাঝারী বৃষ্টি হতে পারে।

---

রাজ্যে আগামী চৌঠা মে বিধানসভা নির্বাচনের ভোট গননার জন্য জেলা প্রশাসনগুলির পক্ষ থেকে প্রস্তুতি শুরু হয়েছে। নির্বাচন কমিশন ইতিমধ্যে চৌঠা মে সমগ্র রাজ্যে ড্রাই ডে ঘোষণা করেছে। এই সময়কালে মদের বিক্রী, মজুতকরন এবং সরবরাহ নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে।

শ্রীভূমির জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে জেলার চারটি বিধানসভা আসনের ভোট গননা আগামী চৌঠা মে শ্রীভূমি শহরের করিমগঞ্জ কলেজে অনুষ্ঠিত হবে। ভোট গননা প্রক্রিয়া সুষ্ঠুভাবে সম্পন্ন করতে গননার কাজের জন্য মাইক্রো অবজারভার, কাউন্টিং সুপার ভাইজার এবং কাউন্টিং অ্যাসিস্ট্যান্টদের প্রশিক্ষনের ব্যবস্থা করা হয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে যে আগামী ২৪শে এপ্রিল এবং ২৭শে এপ্রিল, প্রতিদিন সকাল ১১টা থেকে জেলা গ্রন্থাগার প্রেক্ষাগৃহে মাইক্রো অবজারভার এবং রবীন্দ্র সদন গার্লস কলেজে কাউন্টিং

সুপারভাইজার ও কাউন্টিং অ্যাসিস্ট্যান্টদের দু দিনের প্রশিক্ষন অনুষ্ঠিত হবে । প্রশিক্ষনে সংশ্লিষ্ট সব মাইক্রো অবজার , কাউন্টিং সুপারভাইজার ও কাউন্টিং অ্যাসিস্ট্যান্টদের উপস্থিত থেকে প্রশিক্ষন গ্রহন করার নির্দেশ দেওয়া হয়েছে ।

---

এবছরের নুরুদ্দিন আহমেদ সিনিয়র আন্তঃজেলা ক্রিকেট প্রতিযোগীতার আগামীকালের খেলায় আয়োজক দল হাইলাকান্দি ও লক্ষ্মীপুর দল পরস্পরের মুখোমুখি হবে ।

হাইলাকান্দির নেতাজি সুভাষচন্দ্র বসু স্টেডিয়ামে মাঠে আয়োজিত প্রতিযোগীতার গতকালের ম্যাচ ভেজা আউটফিল্ডের জন্যে পরিত্যক্ত ঘোষণা করা হয়েছে । লক্ষ্মীপুর ও কার্বি-আংলংয়ের মধ্যে আয়োজিত খেলাটি পরিত্যক্ত ঘোষণা হওয়ায় উভয় দল একটি করে পয়েন্ট লাভ করেছে ।

---

---